

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৯৪

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ الثَّنَفْ

### আরবী

وَعَن كَعْب بن عِياضٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: ﴿إِنَّ لِكُلِّ أَمَّةٍ فِتْنَةً وَفِتْنَةُ أُمتى المالُ» . رَوَاهُ التِّرْمِذِيّ

اسناده صحیح ، رواه الترمذی (2336 وقال : حسن صحیح غریب) ۔ (صَحِیح)

### বাংলা

৫১৯৪-[৪০] কা'ব ইবনু ইয়ায (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, [রাসূল (সা.) বলেছেন] প্রত্যেক উম্মতের জন্য কোন একটি ফিতনাহ্ (পরীক্ষামূলক বিষয়) রয়েছে। আর আমার উম্মতের ফিতনাহ্ হলো সম্পদ। (তিরমিযী)

## ফুটনোট

সহীহ তিরমিয়ী ২৩৩৬, সিলসিলাতুস সহীহাহ ৫৯৪, সহীহ আতৃ তারগীব ওয়াতৃ তারহীব ৩২৫৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: ফিতনাহ দ্বারা উদ্দেশ্য যা মানুষকে গোমরাহী ও পাপাচারে লিপ্ত করে। আর সম্পদ এজন্য ফিতনাহ যে, তা মানুষকে দুনিয়াবী সকল আশা-আকাজ্জা পূরণে সাহায্য করে, পক্ষান্তরে তা মানুষকে পরকালীন পূর্ণতা অর্জনে বাধা হয়ে দাঁড়ায়। (মিরকাতুল মাফাতীহ)



### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনে ইয়ায (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন